DEC. 27 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রামের স্কুলেও অভিন্ন প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা হবে

চট্টগ্রাম অফিস ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ॥ চট্টগ্রাম মহানগরীর সরকারী স্কুলগুলোতে একই দিনে অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে অভিন্ন পদ্ধতিতে এ বছর ভর্তি পরীক্ষা গ্রহণের (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামের স্কুলেও

(শেষ পৃঃ পর)

উদ্যোগ গৃহীত হওয়ায় অভিভাবক মহলে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। একেক বিদ্যালয়ে ভর্তি পরীক্ষার চাপ একেক রকম হওয়ায় একই প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষার ক্ষেত্রে অনিয়মের সৃষ্টি করতে পারে বলে আশংকা করা হচ্ছে। স্বল্প আসনের ভাল স্কুলগুলোতে এ বছর অভিন্ন প্রক্রিয়ার কারণে চাপ প্রকট হতে পারে বলে মনে করা হচ্ছে। একাধিক স্কুলে ভর্তি পরীক্ষা দিতে শিক্ষার্থীদের যে বিড়ম্বনা, তা নিরসনের জন্য এবার থেকে অভিন্ন পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। একই দিনে একই সময়ে ও একই প্রশ্নে সবগুলো স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ফলে যে কেউ চাইলে একাধিক স্কুলে ভর্তি পরীক্ষা দিতে পারবে না। আবেদনপত্র বিতরণ ইতিমধ্যে শুরু হয়েছে। চট্টগ্রাম সরকারী মুসলিম হাইস্কুল, নাসিরাবাদ হাইস্কুল ও গার্লস হাইস্কুল, ডাঃ খাস্তগীর বালিকা উচ্চ বিদ্যালয়, সরকারী কলেজিয়েট হাইস্কুল, চট্টগ্রাম সরকারী হাইস্কুল সমূহে নতুন শিক্ষাবর্ষে ভর্তির প্রাথমিক আবেদনপত্র বিতরণ গত ২২শে ডিসেম্বর থেকে শুরু হয়েছে। এদিকে সিটি কর্পোরেশন পরিচালিত ৪০টি স্কুলেও ২৩ ডিসেম্বর থেকে ফরম বিতরণ শুরু হয়েছে।